প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি এবং নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

জুন/২০১৯

শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা ১০টি এবং নির্দেশনার সংখ্যা ৫৭টি। উক্ত ১০টি প্রতিশ্রুতির মধ্যে বর্তমানে ১০টি প্রতিশ্রুতিই বাস্তবায়নাধীন। ৫৭টি নির্দেশনার মধ্যে ইতিমধ্যে ৩২টি বাস্তবায়িত হয়েছে এবং ২৫টি নির্দেশনা বতর্মানে বাস্তবায়নাধীন আছে।

বাস্তবায়নাধীন ১০টি প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
০১.	টাংগাইল শিল্প পার্ক স্থাপন।	৩০/৬/২০১২ খ্রি.	প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য "বিসিক শিল্প পার্ক টাঙ্গাইল" শিরোনামে টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলায় ৪৯.৩৫ একর জমি নিয়ে ২৯৫.৭৫ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। মেয়াদ: জুলাই ২০১৫ হতে জুন ২০২০ পর্যন্ত।	• "বিসিক শিল্প পার্ক, টাংগাইল (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গত ১৮ জুন ২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। • অনুমোদিত প্রকল্প ব্যয় ২৯৫৭৫.০০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১১২০০.০০ লক্ষ টাকা। বরাদ্দের মধ্যে ব্যয় হয়েছে ১১১২৯.৫২ লক্ষ টাকা (৯৯.৩৭%)। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২২৮২৩.৫০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৭৭.১৭%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** জমি অধিগ্রহণের সমুদয় অর্থ জেলা প্রশাসক এর নিকট পরিশোধ করা হয়েছে। জমির মালিকদের জমির অর্থ প্রদান শুরু হয়েছে।	বিসিক
০২.	কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রাঙ্গাবালি উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ।	২৫/০২/২০১২ খ্রি.	• মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে এ শিল্প স্থাপনের নিমিত্ত অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে এবং নৌবাহিনীর সুপারিশের প্রেক্ষিতে পায়রা বন্দর এলাকাকে বাছাই করা হয়েছে। সর্বশেষ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন পায়রা বন্দরের সন্নিকটে চর নিশানবাড়িয়া ও পার্শ্ববর্তী মধুপাড়া মৌজা নিয়ে মোট ১০৫.০৫ একর জমিতে এ শিল্প স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	• বর্ণিত জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পাশাপাশি এ বিষয়ে পায়রা বন্দরের অনাপত্তি পাওয়ার জন্য পায়রা বন্দর ও নৌ পরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রদান করা হয় এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ৩১.০১.১৯ তারিখে পাওয়া গেছে। • প্রস্তাবিত জমির CS, RS, BS পর্চা ও জমির তথ্য জেলা প্রশাসক, পটুয়াখালী-এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে। • অন্যদিকে নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি প্রস্তাবিত স্থানটি পরিদর্শনপূর্বক জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের চাহিত ১০৫.০৫ একরের পরিবর্তে ১০০.০০ একর জমির অনাপত্তি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। • বর্ণিত জমিতে জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের নিমিত্ত জরুরিভিত্তিতে বিস্তারিত কারিগরী ও অর্থনৈতিক সমীক্ষা পরিচালনাসহ অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা করার জন্য শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ স্টিল এন্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন (বিএসইসি) কে দায়িত্ব প্রদান করা হয়েছে। • বিএসইসি কর্তৃক এ বিষয়ে একটি কারিগরী কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির ১ম সভা ২৬/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে।	শিল্প মন্ত্রণালয়

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
০৩.	চট্টগাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্পনগরী স্থাপন।	১৮/০২/২০১২ খ্রি.	▪ প্রতিশ্রুতি অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মুছাপুর ইউনিয়নে ১০.০০ একর জমি নিয়ে ২৩৪৩.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে। মেয়াদ: জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২১	▪ জেলা প্রশাসন হতে গত ২৮-০২-২০১৯ তারিখে জমি প্রাপ্তির নিশ্চয়তা পাওয়া গেছে। যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে জনবল কাঠামো সংশোধনপূর্বক গত ০৬-০২-২০১৯ তারিখে ডিপিপি পুনর্গঠন করে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয় হতে গত ২০-০৩-২০১৯ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ১৯/০৬/২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয়ের প্রকল্পের জনবল নির্ধারণী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	বিসিক
০৪.	রাজশাহী বিসিক শিল্প নগরীর সম্প্রসারণ, উন্নয়ন ও আধুনিকায়ন করা।	২৪/১১/২০১১ খ্রি.	▪ প্রতিশ্রুতি অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলার কচুয়াডোল - ললিতাহার মৌজায় ৫০ একর জমি নিয়ে ১৩১.৭৪ কোটি টাকা ব্যয়ে “রাজশাহী বিসিক শিল্পনগরী-২” শিরোনামে প্রকল্প গ্রহণ করা হয়েছে। মেয়াদ: জুলাই ২০১৫ হতে জুন ২০১৯ (প্রস্তাবিত জুন ২০২০)	● "রাজশাহী বিসিক শিল্পনগরী-২ (বিশেষ সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গত ০৩ জুলাই ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। ● অনুমোদিত প্রকল্প ব্যয় ১৩১৭৪.২৪ লক্ষ টাকা। ● ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৩৪৭.০০ লক্ষ টাকা। ● প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮৭২৩.২৫ লক্ষ টাকা। ● অগ্রগতির হারঃ আর্থিক ৬৭%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>** প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নসহ নির্মাণকাজের দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে। অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী যোগ্য দরদাতা পাওয়া যায়নি বিধায়, স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি গত ১৬ জুন ২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	বিসিক
০৫.	সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জে শিল্পপার্ক স্থাপন করা।	০৯/০৪/২০১১ খ্রি.	▪ প্রতিশ্রুতি অনুযায়ী বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ শিরোনামে কালিয়া হরিপুর ও বনবাড়িয়া ইউনিয়নের মোরগ্রাম, টালটিয়া, পূর্ব মোহনপুর, ছাতিয়াল তলা, বনবাড়িয়া ৫টি মৌজায় ৪০০ একর জমি নিয়ে মোট ৬২৮ কোটি টাকা ব্যয়ে ২য় সংশোধিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান। মেয়াদ: জুলাই ২০১০ হতে জুন ২০২১	▪ প্রকল্পের জমি অধিগ্রহণ ২০১৩ সালে সম্পন্ন হয়েছে। মাটি ভরাট ও ডাইক নির্মাণ কাজ বাংলাদেশ নৌবাহিনীর মাধ্যমে জানুয়ারির শেষ সপ্তাহ থেকে শুরু হয়েছে। ▪ অনুমোদিত প্রকল্প ব্যয় ৬২৮১০.০০ লক্ষ টাকা। ▪ ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৪০০০.০০ লক্ষ টাকা। ▪ প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৪২৬০.০০ লক্ষ টাকা। ▪ আর্থিক অগ্রগতির হার ২২.৭০% ▪ বাস্তব অগ্রগতির হার ৩০%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>** প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি গত ২৬/০৫/২০১৯ তারিখ পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।	বিসিক

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
০৬.	খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো পুনরায় চালুকরণ এবং বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ।	০৫/৩/২০১১ খ্রি.	(১) **খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. (কেএনএম):** বন্ধ ঘোষিত খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অব্যবহৃত ৫০ একর জমি নওপাজেকোর নিকট বিক্রির সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ১১-১২-২০১৮ তারিখে খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অনুকূলে ২০০ (দুই শত) কোটি টাকার চেক হস্তান্তর পরবর্তীতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নওপাজেকো জমি ও স্থাপনার সমুদয় ৫৮৬.৫২ কোটি টাকার মধ্যে অবশিষ্ট অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করবে। সমুদয় অর্থ পরিশোধের পরে ৫০ একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূলে রেজিষ্ট্রেশন সম্পাদন করা হবে। উল্লেখ্য, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লি. (নওপাজেকো) এর নিকট বিক্রয়ের পর অবশিষ্ট থাকবে (৮৭.৬১-৫০.০০)= ৩৭.৬১ একর জমি এবং খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. এর জমি একীভূত করে জমির পরিমাণ হয় (৩৭.৬১+ ৯.৯৬)= ৪৭.৫৭ একর জমি। উক্ত জমির মধ্যে ৫.২৬ একর জমিতে ১৫,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি প্রি-ফ্যাব্রিক্যাটেড বাফার গোডাউন নির্মাণ করা হবে। **(২) দাদা ম্যাচ ফ্যাক্টরী** • মেসার্স ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লি. এর বেসরকারি শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রস্তাবিত বেসরকারি মালিকানাধীন ৭০ শতাংশ শেয়ার একটি অডিট ফার্মের মাধ্যমে বর্তমান বাজার মূল্য যাচাই করে ধার্যকৃত মূল্য পরিশোধ করে সরকারের অনুকূলে নেয়া অথবা অনুরূপ মূল্যের ভিত্তিতে সরকারি মালিকানাধীন ৩০ শতাংশ শেয়ার ৭০ শতাংশ শেয়ারধারী বেসরকারি শেয়ারহোল্ডারগণের	**(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. (কেএনএম):** • খুলনা নিউজ প্রিন্ট মিল লি. (কেএনএমএল) এর ৫০(পঞ্চাশ) একর জমি ৫৮৬.৫২ কোটি টাকা (পাঁচ শত ছিয়াশি কোটি বায়ান্ন লক্ষ) মূল্য পরিশোধ সাপেক্ষে বিদ্যুৎ বিভাগ এর আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লি: (নওপাজেকো) কে হস্তান্তর করার বিষয়ে নওপাজেকো ও কেএনএমএল এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক অনুযায়ী নওপাজেকো কর্তৃক কেএনএমএল এর অনুকূলে ২০০ (দুইশত) কোটি টাকার চেক হস্তান্তর করা হয় এবং গত ২৫/০৫/২০১৯ তারিখে ৫৪.৪২ কোটি (চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা পরিশোধ করা হয়। অবশিষ্ট ৩৩২.১০ কোটি (তিনশত বত্রিশ কোটি দশ লক্ষ) টাকা ২০১৯-২০২০ অর্থবছরের মধ্যে পরিশোধ করবে। সমূদয় অর্থ (৫৮৬.৫২ কোটি টাকা) পরিশোধ সাপেক্ষে কেএনএমএল কর্তৃক ৫০(পঞ্চাশ) একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা দলিল মূলে চূড়ান্তভাবে রেজিস্ট্রেশন সম্পাদন করা হবে। • নওপাজেকোর নিকট থেকে মূল্য প্রাপ্তিসাপেক্ষে সোনালী ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের দায়দেনা পরিশোধ করে কেএনএমএল এর রেজিস্ট্রার্ড দলিলসমূহ ব্যাংকের নিকট হতে অবমুক্ত করে কেএনএমএল এর অবশিষ্ট জমি এবং খুলনা হার্ডবোর্ড মিলস্ এর জমি একীভূত করে ১৫,০০০ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি প্রি-ফ্যাব্রিক্যাটেড গোডাউন নির্মাণ করার লক্ষ্যে সয়েল টেস্ট ও ডিজিটার সার্ভের কাজ চলমান রয়েছে। সয়েল টেস্ট ও ডিজিটার সার্ভে রিপোর্ট পাওয়ার পর কনসালটেন্ট নিয়োগ করে ডিজাইন সম্পন্ন করা হবে। **(২) দাদা ম্যাচ ফ্যাক্টরী** • শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে গ্রহণকৃত ঢাকা ম্যাচ ইন্ডাষ্ট্রিজ কোং লি, এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে প্রতিষ্ঠানটির তফসিলভূক্ত ভূমির সম্ভাব্য বাজার মূল্য নির্ধারণের জন্য গত ০৩-১২-২০১৮ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে জেলা প্রশাসক, ঢাকা ও খুলনা এবং বিসিআইসি বরাবর প্রেরণ করা হয়। • বিসিআইসি এবং জেলা প্রশাসক, খুলনা ও জেলা প্রশাসক, ঢাকা হতে বর্তমান সম্ভাব্য বাজার মূল্য সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। আগামী ২২/০৭/২০১৯ তারিখ	বিসিআইসি

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
			অনুকূলে হস্তান্তরের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রত্যাহার করা” এর বিষয়ে শিল্পসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/০৩/২০১৮ খ্রি. তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। • উক্ত সভার সিদ্ধান্তমতে ২৪/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। • তৎপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৩/০৭/২০১৮ তারিখের পত্রে বর্ণিত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা গ্রহণের জন্য সার-সংক্ষেপের পরিবর্তে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি এর সমস্যা নিরসণের লক্ষ্যে মন্ত্রণালয়ের মতামত সম্বলিত পত্র প্রেরণের নির্দেশনা দিয়ে সার-সংক্ষেপটি ফেরত প্রদান করে। • নির্দেশনামতে গত ০৯/০৮/২০১৮ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে : (ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর দায়-দেনা ও শেয়ারের বিষয়টি একটি প্রতিষ্ঠিত অডিট ফার্ম দিয়ে অডিট করাতে হবে; (খ) এ ছাড়া জমি এবং ব্যাংকের ঋণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরো পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় শিল্প মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব মহোদয়ের নির্দেশনায় ‘ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি.’ এর মালিকানাধীন খুলনা ইউনিট ‘দাদা ম্যাচ ওয়ার্কস্’ এবং ঢাকা ইউনিট ‘ঢাকা ম্যাচ ফ্যাক্টরি’ এর দায়-দেনা বিষয়ে পর্যালোচনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিরা ও বেখা) সভাপতিত্বে ০৮/১০/২০১৮ খ্রি. তারিখে একটি সভা হয়। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় : ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. প্রতিষ্ঠানটির দায়-দেনার সর্বশেষ তথ্যসহ ব্যাংকের পাওনা পরিশোধ এবং	শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিরা ও বেখা) মহোদয়ের সভাপতিত্বে উক্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনান্তে করণীয় নির্ধারণের জন্য একটি সভা অনুষ্ঠিত হবে।	

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
			বিস্তারিত কর্মপরিকল্পনার বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে দাখিল করবে।		
০৭.	দক্ষিণাঞ্চল বিশেষ করে বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃ প্রক্রিয়াকরণজাত শিল্প গড়ে তুলতে হবে। পায়রা বন্দরের নিকট ড্রাইডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	২২/০২/২০১১ খ্রি.	• মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী "Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District" নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। • প্রকল্পের মেয়াদ: অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।	• অনুমোদিত প্রকল্প ব্যয় ৪৯৮.০০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১৬০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১০০.৯৫ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ২০.২৭% এবং বাস্তব ৪০%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>** ইতোমধ্যে প্রকল্পের প্রকল্প পরিচালক ও পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে। নিয়োগকৃত পরামর্শক প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন এবং সার্ভে কার্যক্রম শুরু করেছেন।	শিল্প মন্ত্রণালয়।
০৮.	মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্প পার্ক স্থাপন।	২৯/১২/২০১০ খ্রি.	▪ মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি সরেজমিনে পরিদর্শনপূর্বক যথাসময়ে প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (বিসিক)-কে মনোনয়ন প্রদান করা হয়েছে।	▪ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর কাজের অগ্রগতি বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত ১৩/০১/২০১৬ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, "মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি এবং পরবর্তীতে আরও জমি জেগে ওঠলে তা বেজা ছাড়া অন্য কাউকে বরাদ্দ দেওয়া যাবে না"। ▪ উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কি না সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা চেয়ে গত ২৩-০৪-২০১৯ ও ২৯-০৫-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩০-০৫-২০১৯ তারিখের পত্রের মাধ্যমে উক্ত জমির বর্তমান অবস্থা সম্পর্কে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি, বেজা'র প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে আগামী ০৪ (চার) সপ্তাহের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (বিসিক)-কে মনোনয়ন প্রদান করা হয়েছে এবং উক্ত জমি সরেজমিনে পরিদর্শনপূর্বক যথাসময়ে প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়েছে। উক্ত কমিটি ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করেছে।	শিল্প মন্ত্রণালয়/ বিসিক

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
০৯.	বরগুনা বিসিক শিল্পনগরী স্থাপন।	০৬/৫/২০১০ খ্রি.	• প্রতিশ্রুতি অনুযায়ী বরগুনা জেলার সদর উপজেলার কোরক মৌজায় ১০.২০ একর জমির উপর প্রাথমিকভাবে ১১.১৬ কোটি টাকা ব্যয়ে 'বরগুনা বিসিক শিল্পনগরী' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। • "বিসিক শিল্প নগরী, বরগুনা (২য় সংশোধিত)" প্রকল্পটি গত ১৬ অক্টোবর ২০১৪ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। **মেয়াদ** : জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০২০	• অনুমোদিত প্রকল্প ব্যয় ১৮০৮.০০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১১২.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৭.৫১ লক্ষ টাকা। • আর্থিক অগ্রগতির হার ২৭.৫১% • বাস্তবায়ন অগ্রগতির হার ৩৯.০০%।	বিসিক
১০.	ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপন	২৯/০৩/২০১৮খ্রি	• মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় ৫০ একর জমিতে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় ১৫ একর জমিতে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের নিমিত্ত বর্তমান জমির মৌজা রেট ও তার ওপর সর্বশেষ সার্কুলার অনুযায়ী ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত করে এবং সর্বশেষ ২০১৮ সালের পিডব্লিউডি রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটি জুলাই ২০১৮ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত ডিপিপি'র ওপর গত ৩০ অক্টোবর ২০১৮ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের আওতায় জনবল নির্ধাণের জন্য অর্থ বিভাগে গত ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে উক্ত সভার কার্যবিবরণী সংস্থায় প্রেরণ করা হয়েছে। গত ২০ মার্চ ২০১৯ তারিখে জনবল নির্ধারণের জন্য প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত গত ০৩ এপ্রিল ২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৫ একরের পরিবর্তে ৫০ একর আয়তনের শিল্পনগরী স্থাপনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরিত প্রকল্প প্রস্তাবটি ফেরত আনা হয়। • ৫০ একর জমি প্রাপ্তির বিষয়ে অনুসন্ধান করা হচ্ছে।	বিসিক

বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহ :

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
০১.	ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে।	০৬/৯/২০১৬ খ্রি.	• নির্দেশনা অনুযায়ী বেজার জমিতে জামালপুর ও নীলফামারী জেলায় বিসিক শিল্পনগরী স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	• <u>জামালপুর বিসিক শিল্পনগরী সম্প্রসারণ:</u> ৫০ একর জমির মূল্যসহ বরাদ্দের সম্মতি পাওয়া গেছে। ডিপিপি প্রণয়নের কাজ চলছে। • <u>নীলফামারী বিসিক শিল্পনগরী:</u> নীলফামারী জেলার অর্থনৈতিক অঞ্চলে ১০০ একর জমি প্রাপ্তির সম্মতি পাওয়া গেছে। বিসিকের পরিকল্পনা বিভাগ থেকে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। শীঘ্রই উক্ত কমিটি সরেজমিন পরিদর্শনে যাবেন।	বিসিক

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
০২.	ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে।	১১/৫/২০১৬ খ্রি.	• মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে বিসিক কর্তৃক মুক্তাগাছা শিল্পনগরী ময়মনসিংহ এ অধিগ্রহণকৃত ৫একর জমির উপর ৯.৬১ কোটি টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণ করা হয়। **মেয়াদ** : জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১	▪ বর্ণিত স্থানে আনারস প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী প্রতিষ্ঠার লক্ষ্যে ২০১৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত ডিপিপি ওপর ০৬ ডিসেম্বর ২০১৮ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ▪ সভার সিদ্ধান্ত মোতাবেক মধুপুরের পরিবর্তে মুক্তাগাছায় বিসিকের নিজস্ব জমিতে প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। ▪ প্রকল্পের পুনর্বিন্যাসিত ডিপিপি গত ১৯ জুন ২০১৯ তারিখে চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	বিসিক
০৩.	নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	**বিসিআইসি:** • পরিবেশ অধিদপ্তরের চাহিদা অনুযায়ী জিরো ডিসচার্জ প্ল্যান্ট তৈরির উদ্দেশ্যে নির্গত বর্জ্যের নমুনা বিশ্লেষণের কার্যক্রম গ্রহণ। • টিএসপিসিএল এর নিজস্ব উদ্যোগে ইটিপি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। • কর্ণফুলী পেপার মিল (কেপিএম) লিঃ এ তরল বর্জ্য দূষণমুক্ত করার জন্য ছোট আকারে Effluent Treatment Plant(মাল্টি-স্টেজ লেগুন/পিট) রয়েছে। • কেপিএম লিঃ-এ MOU এর আওতায় ও ছাতক সিমেন্ট কারখানায় উন্নয়ন প্রকল্পের আওতায় In-Built ETP থাকবে।	**(ক) বিসিআইসি:** • টিএসপি কমপ্লেক্স লিঃ কারখানা হতে নির্গত তরল বর্জ্য কারখানায় চালু Effluent treatment pit এর মাধ্যমে Neutralization করার ব্যবস্থা রয়েছে। টিএসপিসিএল এর নিজস্ব উদ্যোগে ইটিপি স্থাপনের লক্ষ্যে p^H, TS, TDS, SS প্রভৃতি DOE মানমাত্রা নিয়ন্ত্রণের নিমিত্তে ড্রেন ওয়াটার একটি পিটে নিয়ে যাওয়ার জন্য রিসিভিং পিট তৈরিসহ কম্বাইন্ড ড্রেনে একটি স্লুইস গেট বসানো হয়েছে। পাশাপাশি টিএসপিসিএল-এ জিরো ডিসচার্জ সিস্টেম বাস্তবায়নের জন্য EDAC Engineering Ltd.,India এর প্রতিষ্ঠানের বাংলাদেশী প্রতিনিধির সাথে গত ১০-০২-২০১৯ তারিখে কারখানায় এক সভা আয়োজন করা হয়। উক্ত সভায় টেকনিক্যাল প্রস্তাবসহ বাজেটরী অফার প্রদানের জন্য প্রতিষ্ঠানটিকে অনুরোধ জানানো হয়। এছাড়া গত ২৪-০২-২০১৯ তারিখে Ion Exchange Environment Management (BD) এর সাথে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় টেকনিক্যাল প্রস্তাবসহ বাজেটরী অফার প্রদানের জন্য প্রতিষ্ঠানটিকে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে ০৬-০৫-২০১৯ তারিখে Ion Exchange Environment Management (BD) হতে টেকনিক্যাল প্রস্তাবসহ বাজেটারী অফার পাওয়া যায়। • কেপিএম লিঃ-এ MOU এর আওতায় ও ছাতক সিমেন্ট কোঃ লিঃ এ উন্নয়ন প্রকল্পের আওতায় ETP স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে।	বিসিআইসি/বিসিক/ বিএসএফআইসি চলমান প্রক্রিয়া

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন • বিএসএফআইসির আওতাধীন '১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপন' শীর্ষক প্রকল্পটি জিওবি অর্থায়নে ০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২০ পর্যন্ত মেয়াদে ৮৫১০.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২২-০৫-২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। **বিসিক :** নতুন শিল্প-কারখানায় শুরু থেকেই বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) স্থাপনের লক্ষ্যে বিসিকের সকল শিল্পনগরী ও জেলা কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	**বিএসএফআইসি:** • অনুমোদিত প্রকল্প ব্যয় ৮৫১০.৩১ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৩৫০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৩৭.০০ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ২.৭৮%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>** প্রকল্পের আওতায় সংশ্লিস্ট সুগার মিলস্ গুলোর মাধ্যমে প্রস্তাবিত ইটিপি প্রকল্পের সাইট অফিস ও ভূমি উন্নয়ন (আংশিক) কাজের প্রক্রিয়া (টেন্ডার কার্যক্রম) চলছে। **বিসিক :** ▪ বিসিকের মোট ৭৬টি শিল্পনগরীর মধ্যে ইটিপিযোগ্য শিল্প ইউনিট সংখ্যা ১৩৮টি। এর মধ্যে ৮২টি শিল্প ইউনিটে ইটিপি স্থাপন করা হয়েছে। ▪ অবশিষ্ট ৫০টি ইউনিটে ইটিপি স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিসকে কর্তৃক দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য শিল্পনগরী বিভাগ থেকে পত্র প্রেরণ করা হয়েছে। একই সাথে ঐ সকল শিল্প ইউনিটের তথ্য প্রেরণের জন্য বলা হয়েছে। ▪ অগ্রগতির হার ৫৯.৪২%।	
০৪.	নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলা শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিষ্ক্রান্তের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যাপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে বিসিক হতে টিওআরসহ পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ১০টি জেলা (গাজীপুর, বান্দরবান, সুনামগঞ্জ, কুমিল্লা, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলা, পঞ্চগড়, নাটোর, চুয়াডাঙ্গা, দিনাজপুর, পাবনা) হতে প্রাপ্ত প্রস্তাবের মধ্যে পর্যায়ক্রমে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে প্রকল্প গ্রহণের মাধ্যমে শিল্পনগরী স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। **মেয়াদ :** জুলাই ২০১৪ হতে জুন ২০২০	▪ পাবনা বিসিক শিল্পনগরী সম্প্রসারণ এ প্রক্রিয়ায় বাস্তবায়িত হয়েছে। ▪ ইতোমধ্যে এ প্রক্রিয়ায় চুয়াডাঙ্গা জেলায় বিসিক শিল্পনগরী বাস্তবায়নের কাজ চলছে। অগ্রগতির হার ৪১%। ▪ কুমিল্লা জেলায় খাদি শিল্পের ওপর শিল্পনগরী স্থাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ▪ গাজীপুর, বান্দরবান, সুনামগঞ্জ, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলা, পঞ্চগড়, নাটোর, দিনাজপুরে শিল্পনগরী স্থাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।	সকল দপ্তর/সংস্থা
০৫.	শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানী সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায়	২৪/৮/২০১৪খ্রি.	• আধুনিক প্রযুক্তি ও জ্বালানী সাশ্রয়ী সার উৎপাদনের জন্য "ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।	• প্রকল্পের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) গত ০৯-১০-২০১৮খ্রি. তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ২৪-১০-২০১৮খ্রি. তারিখে Mitsubishi Heavy Industries Ltd. (MHI) and China National Chemical Engineering No.7 Construction Co. Ltd. (CC-7) এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে । ঋণ চুক্তি সম্পাদন ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। <u>প্রকল্পের অগ্রগতি</u> ১। ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দ ছিল ১৬৫০.০০ লক্ষ টাকা (জিওবি)।	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি। বাস্তবায়নাধীন

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
	পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে।			জুন,২০১৯ পর্যন্ত প্রকল্পে ব্যয়ও হয়েছে ১৬৫০.০০ লক্ষ টাকা। অর্থাৎ ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দের সম্পূর্ণ অর্থই ব্যয় হয়েছে (জুন, ২০১৯ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.১৬%)। ২। Loan Agreement করার লক্ষ্যে MIGA Application ও অন্যান্য Processing Fee প্রদান করা হয়েছে। Lender দের প্রদত্ত Schedule অনুযায়ী Loan Processing এর কাজ চলছে। ৩। গত ২১/০৩/২০১৯ তারিখে প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র (Environmental Clearance Certificate) প্রাপ্তির লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরে দরখাস্ত করা হয়েছে। গত ১৩/০৬/২০১৯ তারিখে তৃতীয় বারের মত সংশোধিত (রিভাইজড) ইআইএ প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে জমা প্রদান করা হয়েছে এবং বর্তমানে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির অপেক্ষায়। ৪। বৈদেশিক কনসালটেন্ট নিয়োগের প্রস্তাব গত ২৭/০৫/২০১৯ তারিখে উন্মুক্ত করা হয়েছে। প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়াধীন। ৫। স্থানীয় কনসালটেন্ট নিয়োগের প্রস্তাব গত ২১/০৫/২০১৯ তারিখে আহবান করা হয়েছে। প্রস্তাব জমা প্রদানের শেষ তারিখ ৩০/০৬/২০১৯ খ্রি.। ৬। প্রকল্প Site টি সাধারণ ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট বুঝিয়ে দেয়ার জন্য নিম্নে উল্লিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:- (ক) MHI কর্তৃক প্রকল্প এলাকায় মাটির গুনগত মান যাচাইয়ের জন্য Soil investigation গত ২৩/০৩/২০১৯ তারিখে শেষ হয়েছে। (খ) পিইউএফএফএল কারখানা ও কলোনী এর মধ্যবর্তী এলাকার মাঝে সাধারণ জনগণের চলাচলের জন্য ব্যবহৃত রাস্তা বন্ধ করে বাউন্ডারীর বাহির দিয়ে নতুন রাস্তা তৈরী করা এবং বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের জন্য গত ১৫/০৪/২০১৯ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ প্রায় ৭৫% এবং রাস্তার কাজ প্রায় ৪০% সম্পন্ন হয়েছে। কাজ দুইটি চলমান আছে। (গ) Lagoon ভরাট করার জন্য গত ১৪/০৬/২০১৯ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। গত ১৪/০৬/২০১৯ তারিখ হতে Lagoon ভরাট কাজ শুরু হয়েছে এবং চলমান আছে। (ঘ) নিম্নোক্ত কাজগুলি পেট্রোবাংলা, তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের মাধ্যমে Depository Work হিসাবে করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:- - প্রকল্প এলাকায় অবস্থিত তিতাসের অফিসার্স ও স্টাফ কলোনী অন্যত্র স্থানান্তর।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
				- প্রজেক্ট এরিয়ার মধ্যে অবস্থিত তিতাস গ্যাস লাইন সরানো। - Overhead 33 kV (PDB) and 11kV (PBS) High Tension Electrical Line সরানো। ১) প্রকল্প এলাকায় অবস্থিত তিতাসের অফিসার্স ও স্টাফ কলোনী অন্যত্র স্থানান্তর। ২) প্রজেক্ট এরিয়ার মধ্যে অবস্থিত তিতাস গ্যাস লাইন সরানো। ৩) Overhead 33kv and 11kv High Tension Electrical Line সরানো ।	
০৬.	বিসিক শিল্প নগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট সংস্থান রাখতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	• বিসিক শিল্পনগরীতে বাতিলকৃত ও পুন:বরাদ্দযোগ্য শিল্প প্লটের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। নতুনভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। • শিল্পনগরীর উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।	• বিসিকের ৭৬টি শিল্পনগরীর মধ্যে বাতিলকৃত এবং পুনঃবরাদ্দযোগ্য ৪৯৬টি শিল্প প্লটের তালিকা প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে নতুনভাবে বরাদ্দ দেয়ার জন্য ২২/০৫/২০১৯ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। • শিল্পনগরীর উন্নয়নকল্পে ২০১৮-২০১৯ অর্থবছরে ২০ কোটি ৪৫ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত অর্থের মাধ্যমে ৪টি আঞ্চলিক কার্যালয়ের আওতায় ৮৪টি পূর্ত কাজের মধ্যে ৭১টি সমাপ্ত এবং ১৩টি অসমাপ্ত রয়েছে।	বিসিক
০৭.	দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	**বিটাক** "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়। জুলাই ২০১৮ হতে জুন ২০২২।	**বিটাক** বিটাক আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও কারিগরি পরামর্শের পাশাপাশি ঢাকা কেন্দ্রসহ বিটাকের মোট ৫টি কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হয়ে আসছে। "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন" শীর্ষক প্রকল্পটি ১৭/০৭/২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির আওতায় ৫ তলা ভিতসহ লিফটবিহীনভাবে ৫ তলা নির্মাণের পরিবর্তে ১০ তলা ভিত ও লিফটসহ ১০ তলা ভবন নির্মাণের লক্ষ্যে সংশোধন করা হয় এবং ১ম সংশোধন প্রস্তাব গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে অনুমোদিত হয়েছে। • ১ম সংশোধিত অনুমোদিত প্রকল্প ব্যয় ৭৪৫৯.৭৮ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৬৫.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৬৪.৫০ লক্ষ টাকা। • অগ্রগতির হার আর্থিক: ০.৮৬%। (আরএডিপি বরাদ্দের ৯৯.২৩%) **বিভাগীয় পর্যায়ে মহিলা হোস্টেলসহ প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ:** অবশিষ্ট ৪টি বিভাগে যথাঃ সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ বিভাগে নারী হোস্টেলসহ স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণকল্পে জমি বরাদ্দ/অধিগ্রহণের জন্য বিভিন্ন জেলায় পত্র প্রদান করা হয়েছে। সিলেট বিভাগের কেন্দ্রটি সুনামগঞ্জ জেলায় এবং ময়মনসিংহ বিভাগের কেন্দ্রটি জামালপুর জেলায় নির্মাণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। রংপুর, বরিশাল ও জামালপুর জেলা প্রশাসক হতে জমির মৌজা ম্যাপসহ অধিগ্রহণের সম্ভাব্য মূল্যের পরিমাণ পাওয়া গেছে এবং গত ১৪/০২/২০১৯ তারিখে সুনামগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রাক্কলিত	বিটাক/বিআইএম

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			বিআইএম "ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কে শক্তিশালীকরণ" নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি গত ০৩/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে অনুমোদিত হয়। ● বাস্তবায়ন মেয়াদকালঃ এপ্রিল ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত।	মূল্যসহ জমি অধিগ্রহণের একটি প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাব অনুযায়ী ডিজিটাল সার্ভের জন্য প্রস্তাব করা হবে। ডিজিটাল সার্ভে হওয়ার পর ০৪টি কেন্দ্র নির্মাণের জন্য একটি ডিপিপি প্রণয়ন করে ০৪টি কেন্দ্র নির্মাণের কার্যক্রম শুরু করা হবে। **বিআইএম** (ক) ইতঃপূর্বে প্রশিক্ষণ কেন্দ্রগুলো বিকেন্দ্রীকরণের লক্ষ্যে চট্টগ্রাম ও খুলনায় প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। (খ) বিভাগীয় পর্যায়ে বিআইএম এর নতুন কেন্দ্র স্থাপনের প্রকল্প যাচাই কমিটির মিটিং এর সুপারিশের আলোকে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কাজ চলছে। ● অনুমোদিত প্রকল্প ব্যয় ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা। ● ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৫৮৭.০০ লক্ষ টাকা। ● প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৮৬.০০ লক্ষ টাকা। ● অগ্রগতির হারঃ আর্থিক ৩.৯৬%। **<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>** ● প্রকল্পের আওতায় সংস্থানকৃত জনবল নিয়োগ কার্যক্রম এবং প্রকল্পের জন্য প্রস্তাবিত লে-আউটে বিদ্যমান পুরাতন ভবন ভাঙ্গার কাজ চলছে। ● প্রকল্পের আওতায় গত ০১-১২ মার্চ ২০১৯ সময়ে একটি বৈদেশিক সফর সম্পন্ন হয়েছে। ● প্রকল্পের আওতায় ১টি জীপ ও ১টি মাইক্রোবাস ক্রয় সম্পন্ন হয়েছে। **বিসিআইসি:** দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে বিসিআইসি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ (টিআইসিআই) সংস্থার বিভিন্ন শিল্প কারখানায় কারিগরী সহযোগীতা প্রদান করে থাকে। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের স্বল্প মেয়াদী বাস্তব প্রশিক্ষণ প্রদান করে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
০৮.	রাষ্ট্রায়ত্ব শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি-বিদেশি বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	**১। কর্ণফুলী রেয়ন কমপ্লেক্স:** • কেপিএম কারখানাটির বিএমআর এবং একটি নতুন কারখানা স্থাপনের লক্ষ্যে M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MOU স্বাক্ষরিত হয়। **২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি)** চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন' শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩২৭৬৮.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ২৩২৭৬৮.০০ (বৈদেশিক মুদ্রা ১৬২১৫৬.০০ লক্ষ টাকা, Cash Foreign Exchange) (স্থানীয় মুদ্রা ৭০৬১২.০০ লক্ষ টাকা) নিজস্ব অর্থ: ০.০০ লক্ষ টাকা প্রকল্পের বাস্তবায়ন কাল: জানুয়ারি, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ খ্রি. পর্যন্ত। **৩। সুনামগঞ্জ জেলার তাহিরপুরের টেকেরঘাট এলাকায় পিপিপি মডেলে বিদ্যুৎ এবং কেমিক্যাল ইন্ডাস্ট্রি স্থাপন:** সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে গত ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়।	**১। কর্ণফুলী রেয়ন কমপ্লেক্স:** Feasibility study করার লক্ষ্যে CMC, China এর প্রতিনিধি শীঘ্রই কেপিএম পরিদর্শন করবেন বলে গত ২৮-০৪-২০১৯ তারিখে ই-মেইল বার্তায় জানিয়েছেন। আরো উল্লেখ্য যে, সৌদি অ্যাম্বাসির মাধ্যমে সৌদি আরবের কোম্পানি (অনির্ধারিত) কেপিএম-এ পেপার মিল স্থাপনের আগ্রহ প্রকাশ করেছে কিন্তু এ বিষয়ে সৌদি কোন প্রতিষ্ঠান থেকে এখন পর্যন্ত বিস্তারিত প্রস্তাব পাওয়া যায়নি। **২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :** গত ১৫/০৪/২০১৯ তারিখে উক্ত প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের কাজ চলছে। এছাড়াও সিসিসি-তে একটি সোডাঅ্যাশ, কস্টিক সোডা কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের Yousif Al Rajhi Const. Est. থেকে গত ০৭/০১/২০১৯ তারিখে প্রাপ্ত খসড়া MOUটি সংশোধনপূর্বক গত ১৩/০১/২০১৯ তারিখে সৌদি আরবের বাংলাদেশ দূতাবাসে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। **৩। সুনামগঞ্জ জেলার তাহিরপুরের টেকেরঘাট এলাকায় পিপিপি মডেলে বিদ্যুৎ এবং কেমিক্যাল ইন্ডাস্ট্রি স্থাপন:** গত ১৪/০৩/২০১৯ তারিখে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সাথে CEO, ED এর সাক্ষাতে জানান যে, ED বাংলাদেশী কনসালট্যান্ট নিয়োগ করেছেন এবং উক্ত বাংলাদেশী কনসালট্যান্ট কর্তৃক Feasibility Study সম্পাদন পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও উক্ত ফ্যাক্টরি স্থাপনের নিমিত্ত কাঁচামাল হিসেবে ব্যবহৃতব্য চুনাপাথর (Limestone) পাওয়ার নিশ্চয়তার লক্ষ্যে Kommorah Limestone Mining Company (KLMC), India এর সাথে যোগাযোগ করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, KLMC, India এর ১৬/০৫/২০১৯ তারিখের পত্রে অবহিত করেন যে, আলোচ্য বিষয়টিতে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রয়োজন বিধায় বিষয়টি সময়সাপেক্ষ।	সকল দপ্তর/সংস্থা

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল): • ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরিত ০৪-১০-২০১৮ তারিখের পত্রে উল্লিখিত জমি ডিএলসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। **৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.:** • মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা বাহিনীর জন্য ফোর্স বেইস স্থাপনের লক্ষ্যে ঈশ্বরদী উপজেলা, পাবনা রেললাইনের উত্তর পার্শ্বে অবস্থিত নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. এর ১০০.৫১ একর জমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	এছাড়াও ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে স্বাক্ষরিত Strategic Partnership Agreementটি চূড়ান্তরূপ পাওয়ার লক্ষ্যে ভেটিং-এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আইন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক Dispute settlement অন্তর্ভূক্ত করে উক্ত Draft Agreement প্রস্তুত করা হয়। গত ১৮/০৬/২০১৯ তারিখে এ বিষয়ে একটি আন্ত: মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক Draft Agreement টি সংশোধনের কাজ চলছে। **৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):** ডিএলসিএল এর দখলে থাকা ১৮.০০ একর জমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫ অনুচ্ছেদের (গ-জ) এর নির্দেশনা মোতাবেক ঢাকা লেদার কোম্পানি লিমিটেড এর অনুকূলে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয় হতে ০১-০৪-২০১৮ তারিখে জেলা প্রশাসক, ঢাকা-কে পত্র প্রদান করা হয়েছে। ফলে এ জমি ঢাকা লেদার কোম্পানি লিমিটেডের নিকট হস্তান্তরিত হিসেবে ভূমি মন্ত্রণালয়ে রেকর্ডভুক্ত। কিন্তু জমির মূল্য পরিশোধের ক্ষেত্রে জটিলতা সৃষ্টির ফলে বাজেট প্রভিশন থাকা সত্বেও বিসিআইসি কর্তৃক জমির মূল্য পরিশোধ করা সম্ভব হয়নি। ডিএলসিএল এর জমি হস্তান্তরের বিষয়ে জেলা প্রশাসক, ঢাকাসহ সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে শীঘ্রই একটি সভা অনুষ্ঠিত হবে। **৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.(এনবিপিএম):** বিসিআইসি'র ১০/০৩/২০১৯ তারিখের পত্রমতে শিল্প মন্ত্রণালয়ের বিসিআইসি অধিশাখার ১১/০২/২০১৯ তারিখের ৩৬.০০.০০০০.০৬২.১৮.০০৭.০৮.(২খন্ড).১৩৩ সংখ্যক পত্রের আলোকে মাননীয় প্রধানমন্ত্রী নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি.(এনবিপিএম) সম্পর্কে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ "এ জায়গায় নতুন প্রকল্পের প্রয়োজন নেই। সেনাবাহিনীকে ভূমি হস্তান্তর করা হোক। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা অত্যন্ত জরুরি বিধায় সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে। বিভিন্ন বাহিনী সমন্বয়ে নিরাপত্তা বেস্টনী সৃষ্টি করা হচ্ছে, সে মোতাবেক ট্রেনিংও দেয়া হচ্ছে। এ জায়গাটা যতদ্রুত সম্ভব সশস্ত্রবাহিনী বিভাগের নিকট হস্তান্তর করা হোক যাতে দ্রুত ফোর্স বেইজ নির্মাণ করা যায়।" উল্লেখিত নির্দেশনা অনুযায়ী এনবিপিএম এর ১০০.৫১ একর জমি ও এর উপর সমুদয় স্থাপনার ১৪০৫.৩৪ কোটি টাকা পরিশোধ সাপেক্ষে উক্ত জমি বুঝে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৬/০৫/২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. উজালা ম্যাচ ফ্যাক্টরী লি.: কারখানার ৬.১৭ একর জমিতে 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ' শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৯৪১.৫১ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ৭৯৪১.৫১ (অনুদান) লক্ষ টাকা নিজস্ব অর্থ: ০.০০ লক্ষ টাকা প্রকল্পের বাস্তবায়ন কাল: মার্চ, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২০খ্রি. পর্যন্ত	**৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি.** উক্ত প্রকল্পটির ডিপিপি (Development Project Proposal) গত ৩০/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক অনুমোদিত হয়েছে । গত ০৩/০৬/২০১৯ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়েছে।	
০৯.	কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	• সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একিভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষ্যে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।	• এ বিষয়ে ২৩/০১/২০১৯ তারিখের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের যৌথ সভায় দু'টি প্রতিষ্ঠান একীভূতের পরিবর্তে লিংক ডাটাবেইজ এর মাধ্যমে দুইটি অফিস শেয়ার করে কাজ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত অনুযায়ী ডাটাবেইজ ও সফটওয়্যারভিত্তিক সমন্বিত অটোমেশনের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম ইতোমধ্যে চালু করা হয়েছে।	ডিপিডিটি
১০.	শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/ কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে।	২৪/৮/২০১৪ খ্রি.	**বিএসটিআই :** বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে সংস্থার প্রারম্ভিক পদের পদমর্যাদা ও বেতন স্কেল প্রথম শ্রেণিতে উন্নীতকরণ। **বিএসএইসি:** বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠান সমূহের মেধাবী ও দক্ষ ব্যবস্থাপনা পরিচালকের মধ্যে বেশ কিছু মেধাবী ও	**বিএসটিআই :** • শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিএসটিআই এর প্রারম্ভিক ০৩টি ক্যাটাগরির পদ যথা: পরীক্ষক (৫৯টি) , ফিল্ড অফিসার (৬৮টি), পরিদর্শক (৬৫টি) পদের পদমর্যাদা ও বেতন স্কেল প্রথম শ্রেণিতে উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়। • ইতোমধ্যে এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের রাষ্ট্রায়াত্ত উইং এর অনুমোদন পাওয়া গেছে। বাস্তবায়ন উইং এর অনুমোদনের অপেক্ষায় আছে। **বিএসএইসি:** বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠান সমূহের মেধাবী ও দক্ষ ব্যবস্থাপনা পরিচালকের মধ্যে কিছু সংখ্যক অবসরে যাওয়ার অপেক্ষায় রয়েছে। এদের মধ্যে বেশ কিছু	সকল দপ্তর/সংস্থা

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			দক্ষ ব্যবস্থাপনা পরিচালককে চাকরিতে পুন:বহাল বা পিআরএল বাতিল করত: চাকরি নিয়মিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। **বিএবি:** ২০১৮-১৯ অর্থবছরের জন্য বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	মেধাবী ও দক্ষ ব্যবস্থাপনা পরিচালককে চাকরিতে পুন:বহাল বা পিআরএল বাতিল করত: চাকরি নিয়মিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। **বিএবি:** বিএবি'র ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টিতে আর্থিক সংশ্লেষ থাকায় শিল্প মন্ত্রণালয়ে গত ১৮/০৩/২০১৯ তারিখে অর্থ বিভাগে সম্মতির জন্য পত্র প্রেরণ করে। পরবর্তীতে ১৭/০৪/২০১৯ তারিখে অর্থ বিভাগ থেকে প্রণোদনা প্রদান বিষয়ক কিছু তথ্য চাওয়া হয়। অর্থ বিভাগের চাহিদা মোতাবেক শিল্প মন্ত্রণালয় থেকে বিএবিকে তথ্য/কাগজপত্রাদি প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। বিএবি হতে এখনো তথ্যাদি পাওয়া যায়নি।	
১১.	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।	২৪/৮/২০১৪ খ্রি.	**বিসিআইসি:** ১। বিআইএসএফ লিঃ এ স্বয়ংক্রীয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ। ২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ। **বিসিক:** শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশি ও বিদেশি মেলার আয়োজন ও অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের	**বিসিআইসি:** **১। বিআইএসএফ লিঃ এ স্বয়ংক্রীয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ:** উৎপাদিত স্যানিটারীওয়্যারের মান উন্নয়নে মূলধনী খাতে স্বল্পমেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ১৭টি মেশিনারিজের মধ্যে ৬টির সরবরাহ, Installation এবং Commissioning সম্পন্ন হয়েছে। বাকী ১১টি মেশিনারিজের মধ্যে Universal Testing Machine কারখানায় পৌঁছানো হয়েছে। Installation এবং Commissioning এর ব্যাপারে প্রস্তুতকারকের স্থানীয় প্রতিনিধির সাথে যোগাযোগ করা হয়েছে। স্থানীয় প্রতিনিধি পত্রের মাধ্যমে কিছুদিন সময় চেয়েছে। এ পর্যন্ত কাজ সম্পন্ন প্রায় ৪১%। ২। **কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ:** পেপারের মান উন্নয়নে যন্ত্রপাতি প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন হলেও কারখানার আর্থিক সংকটের কারণে তা সম্ভব হচ্ছে না। কারখানার বার্ষিক উৎপাদন উন্নীতকরণ/নতুন কাগজকল স্থাপনের লক্ষ্যে গত ০২-০৪-২০১৯ তারিখে M/S China National Machinery Import & Export Corporation (CMC) এবং বিসিআইসি এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। Feasibility study এর লক্ষ্যে CMC, China এর প্রতিনিধি শীঘ্রই KPM পরিদর্শন করবেন বলে জানিয়েছেন। বিসিআইসি'র কারখানাসমূহে উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে উদ্বৃত থাকে না বিধায় রপ্তানি করা হয় না। **বিসিক:** • শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে বিসিক দেশে ও বিদেশে মোট ৩৫টি মেলা ও ৪টি ক্রেতা বিক্রেতা সম্মেলন অনুষ্ঠান আয়োজন ও অংশগ্রহণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/বিসিক/ বিএসইসি/ বিএসএফআইসি

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			কার্যক্রম চলমান রয়েছে। **বিএসটিআই:** আন্তর্জাতিক বাজারে শিল্প পণ্যের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব প্রদান করা।	• ইতোমধ্যে বিদেশে ৭টি এবং দেশে ১৬টি মেলায় অংশগ্রহণ সম্পন্ন হয়েছে এবং ০১টি ক্রেতাবিক্রেতা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। **বিএসটিআই:** • আন্তর্জাতিক বাজারে শিল্প পণ্যের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য বিএসটিআই কাজ করে যাচ্ছে এবং এরই ধারাবহিকতায় বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেট আন্তর্জাতিকভাবে গৃহীত হয়ে আসছে। • বর্তমানে বিএসটিআই'র ল্যাবরেটরিসমূহে সম্পাদিত ৩৫ টি পণ্যের ৩০৫ টি পরীক্ষণ প্যারামিটারের ৪১১টি পরীক্ষণ পদ্ধতি BAB হতে আইএসও/আইইসি ১৭০২৫:২০১৫ অনুযায়ী ডিসেম্বর, ২০২০ পর্যন্ত এ্যাক্রিডিটেশন-এর মেয়াদ রয়েছে। • পাশাপাশি ১৪টি পণ্যের অনুকূলে বিএসটিআই হতে প্রদত্ত গুনগত মান সনদকে National Accreditation Board for certification Body (NABCB), India কর্তৃক প্রোডাক্ট সার্টিফিকেশনের আন্তর্জাতিক মান আইএসও/আইইসি ১৭০৬৫:২০১২ অনুযায়ী ৯ জানুয়ারি, ২০১৯ হতে ৮ জানুয়ারি, ২০২১ পর্যন্ত এ্যাক্রিডিটেশন-এর মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এ প্রক্রিয়া অব্যাহত আছে। • উল্লেখ্য, Food Safety and Standard Authority of India (FSSAI) অ্যাক্রিডিটেশন প্রাপ্ত ৩৫টি পণ্যের মধ্যে ২১টি পণ্যকে বিনা পরীক্ষায় ভারতে রপ্তানীর ক্ষেত্রে বিভিন্ন আন্তর্জাতিক মান সংস্থার প্রণীত মানের সাথে সামঞ্জস্য রেখে অথবা অনুসরণ করে পণ্যের জাতীয় মান প্রণয়ন করা হয়। বিএসটিআই এ পর্যন্ত ৩৭৫৪টি জাতীয় মান প্রণয়ন করেছে। **বিএসইসি:** • বিএসইসি প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিস্ঠানসমূহের স্ব-স্ব ফেসবুক একাউন্ট খোলা হয়েছে। এর মাধ্যমে কর্মকর্তা কর্মচারীগণ সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজ প্রতিষ্ঠানের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম প্রচার করছে। • ন্যাশনাল টিউবস লি. (এনটিএল) এর পাইপ কানাডায় রপ্তানির আগ্রহ পাওয়া গেছে। প্রয়োজনীয় কার্যক্রম চলছে। একটি সুনির্ধারিত মার্কেটিং প্ল্যান তৈরি করা হচ্ছে। **বিএসএফআইসি:** • কেরু অ্যান্ড কোং (বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণের হার হ্রাস পাওয়ার কারণ খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
				লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানির লক্ষ্যে গবেষণা কার্যক্রমের জন্য শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের প্রফেসর ড. আবু ইউসুফ এর সাথে যোগাযোগ করা হয়। ● তিনি উক্ত ইউনিটের স্পিরিট আহরণের হার ও স্পিরিটের গুণগতমান বৃদ্ধিকল্পে এক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একটি প্রোজেক্ট প্রপোজাল ২৩ অক্টোবর ২০১৮ তারিখে কেরু অ্যান্ড কোং (বিডি) লি. এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করেন। ● সে প্রেক্ষিতে প্রস্তাবিত প্রোজেক্ট প্রপোজালটি করপোরেশনের ০৬-০২-২০১৯ তারিখে ২৪০০তম বোর্ড সভায় উপস্থাপনপূর্বক ১২.৮০ লক্ষ টাকা অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রফেসর ড. আবু ইউসুফ-কে কেরু অ্যান্ড কোং(বিডি) লি. এর সূত্র নম্বর: কেরু/ডিস্টি/৩৯৭০, তারিখ: ১৩/০৫/২০১৯ খ্রি. মোতাবেক পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুততার সাথে চুক্তিপত্র/MoU সম্পাদনপূর্বক গবেষণা কার্যক্রম শুরু করা হবে।	
১২.	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা।	২০/৭/২০১৪ খ্রি.	বিএসএফআইসি "ঠাকুরগাঁও চিনিকলে পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" প্রকল্পটি গ্রহণ করা হয়। **মেয়াদ :** জুলাই ২০১৩ হতে জুন ২০১৯।	● "ঠাকুরগাঁও চিনিকলে পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" প্রকল্পটি গত ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। ● অনুমোদিত প্রকল্প ব্যয় ৪৮৫৬২.০০ লক্ষ টাকা। ● ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৯৫.০০ লক্ষ টাকা। ● জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/অগ্রগতি: ১৪৬৯.৮৮ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ৩.০২%)। ● ভৌত অগ্রগতির হার: ১৭%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** Thakurgaon Sugar Mills (TSM) এর ৩টি প্যাকেজ TSM-1 এর জন্য গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ও TSM-2 এবং TSM-3 এর জন্য গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গৃহীত দরপত্র বাতিল করার প্রেক্ষিতে ১১ মার্চ ২০১৯ তারিখে পুনরায় দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র মূল্যায়নের কাজ চলমান।	বিএসএফআইসি
১৩.	শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।	১২/৪/২০০৯ খ্রি.		**শিল্প মন্ত্রণালয় :** ● ৪৩টি পদে নিয়োগের লক্ষ্যে ১৬/০৫/২০১৯ তারিখে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আগামী ২৬/০৭/২০১৯ তারিখ এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। **বিসিআইসি :** ● টেকনিক্যাল ক্যাডারে নির্বাচিত ৩৩ জনের মধ্যে ২৯ জনের পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তিতে ২১ জনকে ৯ম গ্রেডে এবং ০৭ জনকে ১০ম গ্রেডে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। ১ জনের স্থায়ী ঠিকানা সঠিক না পাওয়ায়	শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
				মন্তব্য ছাড়া ভেরিফিকেশন ফেরৎ প্রদান করা হয়েছে। বাকী ০৪ জনের পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে। ● নন-টেকনিক্যাল ক্যাডারে ৮টি ক্যাটাগরিতে মোট ১৬২ (১০৯ জন ৯ম গ্রেড এবং ৫৩ জন ১০ম গ্রেড) জনকে চূড়ান্ত করে গত ৩০/০৫/২০১৯ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে । পুলিশ ভেরিফিকেশন সম্পন্নের পর নিয়োগপত্র ইস্যু করা হবে। ● ১৩০ জন (৭০ জন ৯ম গ্রেড এবং ৬০ জন ১০ম গ্রেড) কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষা সম্ভাব্য ১৯/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। **বিসিক :** ● বিসিক এর রাজস্ব কাঠামোর অধীন নিয়োগযোগ্য মহাব্যবস্থাপক ও সমমান (গ্রেড-৩) পদ হতে সহকারী সম্প্রসারণ কর্মকর্তা (গ্রেড-১০) পর্যায়ের ৪৪ (চুয়াল্লিশ) ক্যাটাগরির ২০৯ (দুইশত নয়) টি শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে গত ২৪-০৩-২০১৯ তারিখে ৯ম গ্রেডের ১২৫ জন এবং ১০ম ও ১১তম গ্রেডের ৮ জন কর্মকর্তার নিয়োগ আদেশ জারী হয়। ● রাজস্ব খাতের ১৩-২০তম গ্রেডের ৩৪ ক্যাটাগরির মোট ৩২৫টি পদে নিয়োগের জন্য ০৩/০৬/১৯ তারিখে টেলিটক বাংলাদেশ লি: কে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। **বিটাক :** ● ৩২টি পদে গত ২৬/০৫/২০১৯ তারিখ দৈনিক যুগান্তর এবং দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। **বিএসএফআইসি :** ● আর্থিক সংকটের কারণে বিএসএফআইসি-র শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি আপাতত স্থগিত রয়েছে। **ডিপিডিটি :** ● ২৮টি শূন্য পদের মধ্যে ১২টি সরাসরি নিয়োগ ও ১৬টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। ● এক্সামিনারের ০১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। ● The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules 1984 (Amendment 1995) এর কার্যকারিতা বর্তমানে না থাকায় এর অধীনে নিয়োগযোগ্য গাড়ি চালকের একটি পদে নিয়োগ স্থগিত হয়েছে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
				বিএসটিআই : ● বিধি-বিধান অনুসরণ সাপেক্ষে গত ০৭-০১-২০১৯ তারিখে ৫১ জন জনবল নিয়োগ দেয়া হয়েছে। নিয়োগপ্রাপ্ত ৫১ জনের মধ্যে ০২ জন চাকরি হতে ইস্তফা প্রদান করেছে। বতমানে অবশিষ্ট ১৭০টি শুন্যপদের মধ্যে কিছু পদ পদোন্নতিযোগ্য। বাকী পদগুলোর মধ্যে জনপ্রশাসনের ১০% সংরক্ষন করে অবশিস্ট পদগুলো বাজেটে অর্থ বরাদ্দ সাপেক্ষে আগামী অর্থবছরে নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। **বিএসইসি :** হিসাবরক্ষণ ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী পদের লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে তাদের মৌখিক পরীক্ষা গ্রহণ শেষ হয়েছে। ইতোমধ্যে সহকারী প্রকৌশলী ও উপ সহকারী প্রকৌশলী ৩৬টি পদের নিয়োগ পত্র ইস্যূ করা হয়েছে। হিসাব ক্যাডারের মৌখিক পরীক্ষা শেষ হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী জেনারেল ক্যাডারে নিয়োগ পরীক্ষা যথাশীঘ্র সম্ভব গ্রহণ করা হবে। **বিএবি:** ● বিএবি'র ০৫টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে সর্বমোট ৩০৩১টি আবেদনপত্র জমা পড়েছে। ● জুলাই ২০১৯ এর মধ্যে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS), ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিএবি এর মধ্যে গত ২৩/০৪/২০১৯ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। **বিআইএম:** ● মহামান্য সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট ডিভিশন কর্তৃক স্থগিতাদেশের প্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া এপ্রিল ২০১৯ পর্যন্ত বন্ধ ছিল। শীঘ্রই নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। **এনপিও :** ● এনপিওর ১৫টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ০৩/০৫/২০১৯ তারিখে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। ১৫টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ২১/০৬/১৯ এবং ২২/০৬/১৯ তারিখ মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা শেষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে ২৫/০৬/২০১৯ তারিখে নিয়োগপত্র জারী করা হয়েছে। ১৪/০৭/১৯ তারিখে যোগদান করতে বলা হয়েছে। **বয়লার :** ● স্থায়ী শূন্য পদ - ০৫ টি, নবসৃষ্ট-১২০টি। মোট শূন্য পদ - ১২৫টি। স্থায়ী ০৫টি শূন্য পদ পূরণের লক্ষ্যে কার্যক্রম চলমান। নবসৃষ্ট পদের নিয়োগের বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
১৪.	সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা-জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।	১২/৪/২০০৯ খ্রি.	**বিএসইসি :** বিএসইসি'র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ করা হচ্ছে। পিআইএল'র কারখানার মান সম্মত ও পর্যাপ্ত সংখ্যক গাড়ী সংযোজনের জন্য একটি নতুন অটোমেটিক সংযোজন কারখানা স্থাপন কাজ চলছে।	**বিএসইসি :** মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়ঃ- • বিদেশস্থ বাংলাদেশের প্রতিটি রাষ্ট্রদূত বরাবর সচিব মহোদয় এর তরফ থেকে উপ-আনুষ্ঠানিক পত্র দেয়া হয়েছে। • বিদ্যুৎ, বাণিজ্যসহ অন্যান্য দপ্তর/সংস্থায় সরাসরি পত্রের কপি দিয়ে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া DG, CPTU কে সরকারি পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সংস্থা/দপ্তর/মন্ত্রণালয়কে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য মন্ত্রণালয় থেকে পত্র দেয়া হয়েছে। প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) এর কারখানার মাহিন্দ্র ডাবল কেবিন পিকআপ সংযোজন/উৎপাদনের পাশাপাশি জুন/২০১৯ মাসে ৪১টি পাজারো জীপ সংযোজন/ উৎপাদন এবং ৩১টি পাজারো জীপ বিক্রয় করা হয়েছে। ফিজিবিলিটি স্টাডির জন্য আহবানকৃত EOI , Shortlist করে গত ৭-০৫-২০১৯ তারিখে ৩টি প্রতিষ্ঠানকে RFP প্রদান করা হয়েছে যা জমাদানের শেষ তারিখ ছিল ২৫/৬/২০১৯ । ২টি পরামর্শক প্রতিষ্ঠান হতে প্রস্তাব পাওয়া গেছে। **বিএসএফআইসি :** • চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। • আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষীদের মধ্যে বিতরণ করা হয়। পদ্মা অয়েল কোং লিঃ হতে কীটনাশক ক্রয় করা হয়। • চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিঃ, বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়। • নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সেই অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়। • কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।	শিল্প মন্ত্রণালয়/বিএসইসি ও অন্যান্য দপ্তর/সংস্থা
১৫.	মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmacuticals	১২/৪/২০০৯ খ্রি.	• মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলাধীন বাউসিয়া এলাকায় ২০০.১৬ একর জমির উপর প্রাথমিকভাবে ২১৩ কোটি	• ৩য় সংশোধিত প্রকল্পটি গত ১৬ জানুয়ারি ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। • অনুমোদিত প্রকল্প ব্যয় ৩৮১০০.০০ লক্ষ টাকা।	বিসিক

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
	Ingredients (API) শিল্প পার্ক স্থাপন।		টাকা ব্যয়ে এপিআই শিল্পপার্ক প্রকল্পটি গৃহীত হয়। মেয়াদ: জানুয়ারি ২০০৮ হতে - জুন ২০২০	• ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৯০০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৩৯৯৬.০০ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ৬৩%, বাস্তব অগ্রগতি ৩৫%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** • উদ্যোক্তা তহবিলের আওতায় সিইটিপি নির্মাণের লক্ষ্যে বিএপিআই কর্তৃক ইতোমধ্যে ১টি ঠিকাদারি প্রতিষ্ঠানকে চূড়ান্ত করা হয়েছে। • মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬-১১-২০১৮ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করেছেন।	
১৬.	চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ।	১২/৪/২০০৯ খ্রি.	• দ্রুততম সময়ের মধ্যে পূর্ত কাজসহ যাবতীয় কর্মকান্ডের উপর সময়াবদ্ধ পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। মেয়াদ: জানুয়ারি ২০০৩ হতে - জুন ২০১৯	• ৩য় সংশোধিত প্রকল্পটি গত ০৭ নভেম্বর ২০১৭ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। • অনুমোদিত প্রকল্প ব্যয় ১০৭৮৭১.০০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৭৪০০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৭৯২১১.০০ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ৭৩.৪৩%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। নির্মিত কেন্দ্রীয় শোধনাগার প্রকল্পের ৪টি মডিউল চালু করা হয়েছে। চামড়া ও চামড়াজাত শিল্পের বিকাশে হাজারীবাগস্থ ট্যানারি শিল্প সাভারস্থ চামড়া শিল্পনগরীতে স্থানান্তর কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ পর্যন্ত ১২৩টি ট্যানারি প্রতিষ্ঠান উৎপাদন কাজ শুরু করেছে।	বিসিক
১৭.	বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (৫ জেলা)।	১২/৪/২০০৯ খ্রি.	• ৫ (পাঁচ) টি জেলা যথা: (১) ফরিদপুর, (২) রংপুর, (৩) ময়মনসিংহ, (৪) কক্সবাজার ও (৫) কুমিল্লায় বিএসটিআইএর আঞ্চলিক অফিস সম্প্রসারন ও শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। **মেয়াদ :** জুলাই ২০১১ হতে জুন ২০১৯।	• ৩য় সংশোধিত প্রকল্পটি গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। • অনুমোদিত প্রকল্প ব্যয় ৫১৪৪.৫০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৫৯০.০০ লক্ষ টাকা (উপযোজন)। • প্রকল্পের অনুকূলে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১৬৪.৬১ লক্ষ টাকা। • অগ্রগতির হারঃ আর্থিক ৮০.৯৫%, বাস্তব ৯৫%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** প্রকল্পের আওতায় নির্ধারিত ভবনসমূহের নির্মাণকাজ প্রায় সমাপ্ত হয়েছে। ল্যাবরেটরিসমূহের যন্ত্রপাতি সংগ্রহের কার্যক্রম চলছে। ফরিদপুর কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কেন্দ্রটি উদ্বোধন করেছেন। এছাড়া, প্রকল্পের আওতায় কক্সবাজারে নির্মিত অফিস ভবন গত ০৪ জুলাই ২০১৯ তারিখ শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উদ্বোধন করেছেন।	বিএসটিআই

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
১৮.	কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ।	১২/৪/২০০৯ খ্রি.	কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ কাযক্রম।	• খাদ্যের গুণগত মান যাতে যথাযথ হয় সেই লক্ষ্যে মোবাইল কোর্ট, সার্ভিল্যান্স টিম পরিচালনা করে অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিতকরণসহ বিভিন্ন স্থানের খোলা বাজার ও কারখানা থেকে নমুনা সংগ্রহ করা হয়। • বিএসটিআইতে বাধ্যতামূলক ১৯৪টি পণ্যের মধ্যে বিশেষ করে ৮০টি খাদ্য পণ্যের নমুনা বিএসটিআই'র বিভিন্ন ল্যাবরেটরিতে পরীক্ষণপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা (নিয়মিত মামলা দায়ের, শোকজ প্রদান, পণ্যের লাইসেন্স বাতিল ইত্যাদি) গ্রহণসহ কার্যক্রম জোরদার করা হয়েছে । এটা চলমান প্রক্রিয়া।	বিএসটিআই।
১৯.	বন্ধঘোষিত কল কারখানা পুনঃ চালুকরণ।	১২/৪/২০০৯ খ্রি.	**(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স (সিসিসি):** নিজস্ব উদ্যোগে কারখানাটি চালু করার বিষয়টি বিসিআইসি বোর্ডের অনুমোদনের পরে বিভিন্ন ইউনিটের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষণপূর্বক তালিকা প্রণয়নের কার্যক্রম চলছে এবং এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ১২-১১-২০১৮ এবং ১৩-১১-২০১৮ তারিখ সিসিসি সরেজমিনে পরিদর্শন করে। সিসিসি এর ইনহাউজ কমিটি গত ০২-১২-২০১৮ তারিখে প্রতিবেদন দাখিল করে। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ: জানুয়ারি, ২০১৯খ্রি. থেকে জুন, ২০২২খ্রি.।	**(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :** • উক্ত দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে প্রণীত চূড়ান্ত প্রতিবেদন গত ২৭/০২/২০১৯ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পেশ করা হয়েছে। • সিসিসি কোম্পানি বোর্ডের সিদ্ধান্ত গত ০৫/০৫/২০১৯ তারিখে সংস্থার পরিকল্পনা বিভাগে প্রেরণ করে। কোম্পানি বোর্ডের সিদ্ধান্ত মতে বিসিআইসি বোর্ডে উত্থাপনের প্রস্তুতি নেয়া হচ্ছে। এ প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। • চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন' প্রকল্প নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ১৫/০৪/২০১৯ তারিখে উক্ত প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের কাজ চলছে। • উল্লেখ্য যে, 'বাংলাদেশ গ্লাস শীট ফ্যাক্টরি' শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩২৭৬৮.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ২৩২৭৬৮.০০ (বৈদেশিক মুদ্রা ১৬২১৫৬.০০ লক্ষ টাকা, Cash Foreign Exchange) (স্থানীয় মুদ্রা ৭০৬১২.০০ লক্ষ টাকা) নিজস্ব অর্থ: ০.০০ লক্ষ টাকা। • এছাড়াও সিসিসি-তে একটি সোডাঅ্যাশ, কস্টিক সোডা কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের Yousif Al Rajhi Const. Est. থেকে গত ০৭/০১/২০১৯ তারিখে প্রাপ্ত খসড়া MOU টি সংশোধনপূর্বক গত ১৩/০১/২০১৯ তারিখে সৌদি আরবের বাংলাদেশ দূতাবাসে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। **(২) নর্থ বেংগল পেপার মিলস্ লি. :** নির্দেশনার ০৮(৫) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(৩) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. (কেএনএম) :** প্রতিশ্রুতির ৬নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(৪) ঢাকা লেদার কোম্পানিঠ লি. :** নির্দেশনার ০৮(৪) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে।	বিসিআইসি/বিরা

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
				(৫) বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা। বিআইএসএফ-কে ঢাকার মিরপুর হতে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটি গাজীপুর জেলায় খিলগাঁও ও নারায়নপুর মৌজায় ৪১.৩৪ একর জমি নির্বাচন করে। বিআইএসএফ এর ইন-হাউস কমিটি গত ০২/০৪/২০১৮ তারিখে উক্ত জমিতে নতুন করে কারখানা স্থাপনের লক্ষ্যে আগামী ২০-২৫ বছর নিরবিচ্ছিন্নভাবে ৩৩ কেভি লাইনের মাধ্যমে ৪ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ সম্ভব কিনা তা জানতে চেয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ন্যূনতম দৈনিক ২.২-২.৬ এমএমসিএফ গ্যাস আগামী ২০-২৫ বছর নিরবিচ্ছিন্নভাবে সরবরাহ সম্ভব কিনা নিশ্চিতকরণের লক্ষ্যে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিসট্রিবিউশান কোম্পানি লি. কে গত ০২/০৪/২০১৮ তারিখে পত্র প্রদান করে। এ বিষয়ে বিআইএসএফ কর্তৃপক্ষ বিউবো ও তিতাস এর সাথে যোগাযোগ অব্যাহত রেখেছে। এছাড়া নারায়নকুল ও খিলগাঁও মৌজায় দাগ নং, খতিয়ান নং এ ভুল থাকায় তা সংশোধনের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় হতে ইতোপূর্বে বিআইএসএফ এর ইন-হাউস কমিটি কর্তৃক প্রণীত প্রতিবেদনটি সংশোধনপূর্বক জরুরিভিত্তিতে সম্ভাব্যতা সমীক্ষা কমিটির চেয়ারম্যান এর নিকট প্রেরণের জন্য ব্যবস্থাপনা পরিচালক বিআইএসএফ-কে দায়িত্ব দেয়া হয়। সে প্রেক্ষিতে বিআইএসএফ এর ইন-হাউস কমিটি কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।	
২০.	চিনি আমদানি : বিএসএফআইসি বেসরকারি খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে।			অনুমোদিত ১ লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ইতোমধ্যে ১০৭৭৯২.৭৯০ মে.টন চিনি আমদানি করা হয়েছে এবং বিপণন অব্যাহত আছে। ২০-০৬-২০১৯ তারিখে পর্যন্ত চিনি মজুদ আছে ৪১৮.১৪ মে.টন।	বিএসএফআইসি
২১.	চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা।	১২/০৪/২০০৯	**মেয়াদ** : ফেব্রুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত।	• "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারী স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক ১ম সংশোধিত প্রকল্পটি গত ০৬ অক্টোবর ২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। • অনুমোদিত প্রকল্প ব্যয় ৩২৪১৮.০০ লক্ষ টাকা। • ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১১৯.০০ লক্ষ টাকা। • জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/অগ্রগতি: ৯৩০.৭২ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ২.৮৭%)। • ভৌত অগ্রগতির হার: ১৬%। **প্রকল্পের বর্তমান অবস্থাঃ** North Bengal Sugar Mills (NBSM) এর ২টি প্যাকেজ NBSM-1 এর জন্য গত ১৩-০৯-২০১৮ তারিখ ও NBSM-2 এর জন্য গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে গৃহীত দরপত্র বাতিল করার প্রেক্ষিতে ১১ মার্চ ২০১৯ তারিখে পুনরায় দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র মূল্যায়নের কাজ চলমান।	বিএসএফআইসি

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
২২.	র-সুগার আমদানি।	১২/৪/২০০৯ খ্রি.		• "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" এবং "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পদ্বয়ের আওতায় বছরে প্রতিটিতে ৪০,০০০ মে.টন ধরে মোট ৮০,০০০ মে.টন পরিশোধিত চিনি উৎপাদনকল্পে প্রকল্প দুইটির কার্যক্রম চলমান রয়েছে। • ইতোমধ্যে ফরিদপুর চিনিকলে ও জয়পুরহাট চিনিকলে দুইটি ডুয়েলফুয়েল বয়লার স্থাপন করা হয়েছে। এই দুইটি চিনিকলে ডুয়েলফুয়েল বয়লারের মাধ্যমে অমৌসুমে র-সুগার আমদানি করে পরিশোধিত চিনি উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	বিএসএফআইসি
২৩.	রুগ্ন শিল্পের পুনর্বাসন।	১২/৪/২০০৯ খ্রি.	প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপণ ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়।	প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরূপণ ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। বিআইএম কর্তৃক খসড়া সমীক্ষা প্রস্তুতের কার্যক্রম চলমান আছে যা জুলাই, ২০১৯ এর মধ্যে সম্পন্ন হবে।	শিল্প মন্ত্রণালয়/ বিআইএম।
২৪.	"রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে।"	২২/০৫/২০১৮		**বিএসএফআইসি:** বিএসএফআইসি'র অধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান নেই। বর্তমানে ১৫টি চিনিকল এবং ০১টি ইন্জিনিয়ারিং কারখানাসহ মোট ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। তন্মধ্যে কেরু এন্ড কোং (বিডি) লি. এবং রেনউইক, যজ্ঞশ্বের এন্ড কোং (বিডি) লি. এ প্রতিষ্ঠান দু'টো লাভজনক এবং বাকীগুলো অলাভজনক হিসেবে পরিচালিত হচ্ছে। • অলাভজনক প্রতিষ্ঠানসমূহকে লাভজনক করার লক্ষ্যে ডাইভারসিফাইড পণ্য উৎপাদনের নিমিত্ত ঠাকুরগাঁও চিনিকল এবং নর্থবেঙ্গল চিনিকলে ২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। • ০৬-০৬-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৩৫৯ তম বোর্ড সভায় 'র' সুগার হতে চিনি উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে মোবারকগঞ্জ, জয়পুরহাট, পাবনা, জিলবাংলা, ফরিদপুর ও কুষ্টিয়া চিনিকলসহ ৫টি চিনিকলে রিফাইনারি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। • "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কার্যক্রম চলমান আছে। • বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে ৫টি চিনিকলে প্রেসমাড হতে সিএনজি উৎপাদন ও বোতলজাত করে বিপণনের উদ্যোগ নেয়া হচ্ছে। • এছাড়া মৎস চাষ, মাশরুম চাষ, গো-খাদ্য উৎপাদনসহ বিভিন্ন জাতের ফলের বাগান এবং ৫টি চিনিকলের কৃষি খামার ও অন্যান্য চিনিকলের আখ আবাদের অনুপযোগী পতিত জমিতে বিভিন্ন ধরণের ফলমূল ও শাকসজি উৎপাদন ও বিপণন কার্যক্রম চলমান আছে। **বিসিক:** • বিসিকের বিদ্যমান ৭৬টি শিল্পনগরীতে ৫৮৭৪টি শিল্প ইউনিটের অনুকূলে মোট ১০,১৩৬টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে। এর মধ্যে ৩৭টি শিল্প ইউনিট মালিকানা দ্বন্দ্ব, ব্যবস্থাপনা ও বিপণন সমস্যা, আর্থিক সংকট, মামলা ইত্যাদি কারণে বর্তমানে বন্ধ/রুগ্ন	বিসিআইসি/বিসিক/ বিএসএফআইসি

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			(২) "ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ" প্রকল্প: উক্ত কারখানাকে শক্তি সাশ্রয়ী, পরিবেশ বান্ধব ও অধিকতর উৎপাদন ক্ষমতা সম্পন্ন কারখানায় উন্নীত করার লক্ষ্যে জরুরি ভিত্তিতে বিদ্যমান ওয়েট প্রসেস এর পরিবর্তে আধুনিক প্রযুক্তি সম্বলিত ড্রাই প্রসেসে (Dry Process) স্থাপন করাসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপন করার জন্য "ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ" নামে একটি প্রকল্প সরকার হাতে নেয়। প্রকল্পটি গত ০৮-০৩-২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ২৫-০৫-২০১৬ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির ১ম সংশোধন গত ০৪-১১-২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। সংশোধিত প্রকল্পের বাস্তবায়নকাল ধরা হয়েছে জানুয়ারী, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত এবং প্রাক্কলিত ব্যয় ৮৯০.১১ কোটি টাকা	অবস্থায় আছে। • বন্ধ/রুগ্ন শিল্প ইউনিটের বাস্তব অবস্থা পর্যবেক্ষণান্তে বাতিলের ব্যবস্থা গ্রহণপূর্বক সম্ভাবনাময় নতুন শিল্পোদ্যোক্তার মধ্যে বরাদ্দ প্রদানের জন্য প্রতি ২ মাস অন্তর জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ২২/০৫/২০১৯ তারিখে প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। **বিসিআইসি:** রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের খালি/অব্যবহৃত জায়গায় নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিসিআইসি কর্তৃক নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান রয়েছেঃ **(১) বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা:** নির্দেশনার ১৯(৫) নং ক্রমিকে অগ্রগতি বর্ণনা করা হয়েছে। **(২) "ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ" প্রকল্প:** গত ১৪/০৩/২০১৯ তারিখে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সাথে CEO, ED এর সাক্ষাতে জানান যে, ED বাংলাদেশী কনসালট্যান্ট নিয়োগ করেছেন এবং উক্ত বাংলাদেশী কনসালট্যান্ট কর্তৃক Feasibility Study সম্পাদন পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও উক্ত ফ্যাক্টরি স্থাপনের নিমিত্ত কাঁচমাল হিসেবে ব্যবহৃতব্য চুনাপাথর (Limestone) পাওয়ার নিশ্চয়তার লক্ষ্যে Kommorah Limestone Mining Company (KLMC), India এর সাথে যোগাযোগ চালিয়ে যাওয়া হচ্ছে। এখানে উল্লেখ্য যে, KLMC, India এর ১৬/০৫/২০১৯ তারিখের পত্রে অবহিত করেন যে, আলোচ্য বিষয়টিতে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রয়োজন বিধায় বিষয়টি সময় সাপেক্ষ। এছাড়াও ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে স্বাক্ষরিত Strategic Partnership Agreement টি চূড়ান্তরূপ পাওয়ার লক্ষ্যে ভেটিং-এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আইন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক Dispute settlement অন্তর্ভূক্ত করে উক্ত Draft Agreement প্রস্তুত করা হয়। গত ১৮/০৬/২০১৯ তারিখে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক Draft Agreement টি সংশোধনের কাজ চলছে। **(৩) কেপিএম কারখানাটির বিএমআর এবং একটি নতুন কারখানা স্থাপন:** কেপিএম কারখানাটির বিএমআর এবং একটি নতুন কারখানা স্থাপনের লক্ষ্যে M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়। Feasibility study করার লক্ষ্যে CMC, China এর প্রতিনিধি শীঘ্রই কেপিএম পরিদর্শন করবেন বলে ই-মেইল	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
			(সম্পূর্ণ জিওবি)। প্রকল্পটি বাস্তবায়িত হলে মিলের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করে বার্ষিক ১,৫০,০০০ মেঃ টন সিমেন্ট ও ৩,০০,০০০ মেঃ টন ক্লিংকার উৎপাদন করা যাবে। বড় ধরনের কোন পরিবর্তন ছাড়াই পরবর্তী ১৫ (পনের) বছর সুষ্ঠুভাবে উৎপাদন অব্যাহত রাখা যাবে। উৎপাদিত পণ্যের মান উন্নত হবে এবং মিলটি লাভজনকভাবে পরিচালিত হবে। পরিবেশ দূষণ মাত্রা নিয়ন্ত্রণ রাখা সম্ভব হবে। ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে প্রকল্পটির জন্য ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছিল। উক্ত অর্থ বছরে প্রকল্পে ব্যয় হয়েছে ৯৯৯.০৩ লক্ষ টাকা। প্রকল্পের শুরু থেকে জুন,২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২৬২২.৩৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি হয়েছে ২৪.০০%।	বার্তায় জানিয়েছেন। আরো উল্লেখ্য যে, সৌদি অ্যাম্বাসির মাধ্যমে সৌদি আরবের কোম্পানি (অনির্ধারিত) কেপিএম-এ পেপার মিল স্থাপনের আগ্রহ প্রকাশ করেছে কিন্তু এ বিষয়ে সৌদি কোন প্রতিষ্ঠান থেকে এখন পর্যন্ত বিস্তারিত প্রস্তাব পাওয়া যায়নি। **বিএসইসি**: বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের মধ্যে ০৩টি অলাভজনক হলেও এগুলোকে রুগ্ন শিল্প হিসেবে ঘোষণা করেনি। তবে জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানির জমিতে কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের 'ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন' নামক একটি প্রতিষ্ঠানের সাথে ২০-১২-২০১৮ তারিখে স্ট্রাটেজিক পার্টনারশীপ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২০/০১/২০১৯ তারিখে 'ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন'এর অন্য একটি প্রতিনিধিদলের সাথে বিএসইসি বৈঠকে নিম্নের ০৩টি সিদ্ধান্ত হয়েছে- i. GEMCO will request to collect demand information from concerned organization like PDB, REB, DPDC, DESCO, NESCO etc. for coming 5 years. ii. BSEC will request a letter from Ministry of Industries to Power Division to assist information collection. iii. BSEC/MoI will collect and provide power sector Development Plan to Engeneering Dimension.	
২৫.	আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে।	২২/৫/২০১৮ খ্রি.		• সুগারবিট থেকে চিনি আহরণের জন্য ইতোমধ্যে ঠাকুরগাঁও সুগার মিলে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। • সুগারবিটের বীজ সংগ্রহের জন্য বাংলাদেশ সুগারক্রপ রিসার্স ইনস্টিটিউট ঈশ্বরদী, পাবনা এর সাথে যোগাযোগ করা হচ্ছে।	বিএসএফআইসি

বাস্তবায়িত নির্দেশনাসমূহ:

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
০১.	জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে।	১৮/১০/২০১৬ খ্রি.		-	বাস্তবায়িত
০২.	প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/পুকুর/লেক/ খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়।	০১/১২/২০১৫ খ্রি.		-	বাস্তবায়িত
০৩.	"দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"	০৫/৩/২০১৮ খ্রি.		-	বাস্তবায়িত
০৪.	যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে।	১৮/০৯/২০১৪ খ্রি.		-	বাস্তবায়িত
০৫.	শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্মসংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.		-	বাস্তবায়িত
০৬.	শিল্পের মালিকানা সরকারি, বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে।			-	বাস্তবায়িত
০৭.	মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলেটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস, মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি ফেজ-২।			-	বাস্তবায়িত
০৮.	মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন।			-	বাস্তবায়িত
০৯.	নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ।			-	বাস্তবায়িত
১০.	এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন।			-	বাস্তবায়িত
১১.	বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেটকে আন্তর্জাতিক ভাবে গ্রহণযোগ্য করা।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১২.	বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার।			-	বাস্তবায়িত
১৩.	হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি।			-	বাস্তবায়িত

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৭
১৪.	বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
১৫.	মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
১৬.	রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১৭.	"শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লি." এবং "নর্থ-ওয়েস্ট ফার্টিলাইজার কোম্পানি লি." শীর্ষক প্রকল্পদ্বয় গ্রহণ।	১২/০৪/২০০৯ খ্রি.		-	বাস্তবায়িত
১৮.	চিনিকলসমূহে উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭ (সাত) টি চিনিকলের পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন প্রতিস্থাপন করা।			-	বাস্তবায়িত
১৯.	বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (সংশোধিত) প্রকল্প বাস্তবায়ন।			-	বাস্তবায়িত
২০.	কেরুজ সুগার মিলে (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অর্গানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা।			-	বাস্তবায়িত
২১.	বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প।			-	বাস্তবায়িত
২২.	সিলেট ও বরিশাল বিভাগে বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ণ প্রকল্প।			-	বাস্তবায়িত
২৩.	Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Labeling (BRESL).			-	বাস্তবায়িত
২৪.	কারখানার শ্রমিকদের চাকরির বয়স বৃদ্ধিকরণ।			-	বাস্তবায়িত
২৫.	নতুন শিল্প কারখানা স্থাপন পদক্ষেপ গ্রহণ।			-	বাস্তবায়িত
২৬.	ডিএপি সার ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা এবং এ সম্পর্কে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।			-	বাস্তবায়িত
২৭.	ফুড প্রসেসিং ইউনিট স্থাপন।			-	বাস্তবায়িত
২৮.	আখ চাষীদের স্বার্থ সংরক্ষণ।			-	বাস্তবায়িত
২৯.	চিনিকলের অব্যবহৃত জমি লীজ প্রদান।			-	বাস্তবায়িত
৩০.	রংপুরে শতরঞ্জি শিল্পের বিকাশের জন্য নিশবেতগঞ্জে শতরঞ্জি পল্লী স্থাপন।			-	বাস্তবায়িত
৩১.	জাতীয় শিল্পনীতি ২০১০।			-	বাস্তবায়িত
৩২.	Modernization & Strengthening of BSTI (বিএসটিআই এর আধুনিকায়ন)।			-	বাস্তবায়িত